দৈনিক
ইত্তেফাক

তারিখ 2 6 AUG 2008

# ছাত্রদলের বিক্ষোভ গাড়ি ভাংচুর অগ্নিসংযোগ লাঠিচার্জ ।। নিহত ১

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

রাজধানীতে গতকাল সোমবার ছাত্রদল কর্মীদের বিক্ষোভ, ভাংচুর ও অগ্নিসংযোগের ঘটনায় এক ব্যবসায়ী নিহত ও অন্য ১০ জন আহত হয়েছে। বিক্ষুব্ধ ছাত্ররা অন্তত: ৪টি গাড়িতে আগুন লাগিয়ে দেয় এবং ১২টি গাড়ি ভাংচুর করে। ছাত্রদের ছত্রভঙ্গ করতে পুলিশ লাঠিচার্জ করে।

পিজি হাসপাতালের প্রিজন সেলে চিকিৎসাধীন বিএনপির যুগ্ম মহাসচিব বাথরুমে পড়ে আহত হয়েছেন এ খবরে বিক্ষুব্ধ ও উত্তেজিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদল কর্মীরা শাহবাগ এলাকায় বিক্ষোভ প্রদর্শন ... দেয়। উত্তেজিত ছাত্ররা চারুকলা ইন্সটিটিউট এলাকার রাস্তায় গাড়ি ভাংচুর ও অগ্নিসংযোগ করে। এই বিক্ষোভ পরে বুয়েট, ঢাকা কলেজ এলাকা এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েও ছড়িয়ে পড়ে। ঢাকা কলেজ এলাকায় বিক্ষুব্ধ ছাত্ররা একটি মাইক্রোবাসে আগুন লাগিয়ে দিলে সেটির গ্যাস সিলিন্ডার ফেটে রাস্তার পাশে দাঁড়ানো একজন ব্যবসায়ী নিহত হন।

ঘটনার পর ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। পরে পরিস্থিতি স্বাভাবিক হয়ে এলে রাতে অতিরিক্ত পুলিশ প্রত্যাহার করে নেয়া হয়। এদিকে বিক্ষোভের ঘটনায় ব্যবসায়ী নিহত

## ছাত্রদলের বিক্ষোভ

(প্রথম পৃঃ পর)

ড এলাকায় ব্যবসায়ীরা দোকানপাট বন্ধ করে দেন। বিকেল পৌনে ৪টা থেকে তারা ঢাকা কলেজের সামনে মি
ড়ে অবরোধ দিয়ে যানবাহন চলাচলও বন্ধ করে দেয়। গতকাল বেলা ১২ টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় অপর
লার পাদদেশে বেগম খালেদা জিয়াসহ সকল রাজবন্দীর মুক্তির দাবিতে ছাত্রদলের পূর্ব নির্ধারিত সমাবেশ চল
ন সময় সেখানে তারেক রহমানের আহত খবর হওয়ার পৌছায়। এতে বিক্ষুব্ধ ও উত্তেজিত ছাত্রদল নেতা-ক
ছল নিয়ে পিজি হাসপাতাল অভিমুখে যাত্রা শুরু করে। মিছিলটি শাহবাগ মোড়ে পৌঁছলে পুলিশ তাদের বাধা
বিক্ষুব্ধ ছাত্রদের ছত্রভঙ্গ করতে পুলিশ লাঠিচার্জ করলে ৫ ছাত্রদল কর্মী আহত হয়। ছত্রভঙ্গ ছাত্রদল ক
কলা ইন্সটিটিউটের সামনে কার, মাইক্রোবাস ও মিডকসহ ৫/৬টি গাড়ি ভাংচুর করে। তারা পুলিশকে লক্ষ্য
-পাটকেল ছোঁড়ে। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদের সামনে ছাত্ররা একটি ট্যাক্সি ক্যাবে (ঢাকা মেট্রো-প-
৬২) অগ্নিসংযোগ করে। তারা দিগন্ত টেলিভিশনের গাড়ির গ্লাসও ভাংচুর করে। টিএসসি এলাকায় রাস্তু ভাং
নে একটি মাইক্রোবাস ভাংচুর করা হয়। পরে বিক্ষুব্ধ নেতাকর্মীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে।
টার দিকে ছাত্ররা নীলক্ষেত মোড়ে একটি প্রাইভেট কার ভাংচুর করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উত্তেজনা প্রকৌ
বিদ্যালয় এলাকায় ছড়িয়ে পড়লে সেখানেও বিক্ষুব্ধ ছাত্ররা ভাংচুর চালায়।
দুপুর ২টার দিকে তারেক রহমানের আহত হওয়ার খবর ঢাকা কলেজে ছড়িয়ে পড়লে শতাধিক ছাত্র ক
ম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। ছাত্ররা মিছিল নিয়ে কলেজের সামনে মিরপুর রোড অবরোধ করে। এ
দ্ধ ছাত্ররা কয়েকটি গাড়ি ভাংচুর করে। তারা একটি মাইক্রোবাস (ঢাকা মেট্রো চ-৭০২৩) আটকে চাল
য়ে দিয়ে সেটিতে আগুন ধরিয়ে দেয়। পুড়তে থাকা মাইক্রোবাসটির গ্যাস সিলিন্ডার বিস্ফোরিত হয়ে প্রায়
দূরে পথচারী জাহাঙ্গীর আলমের গায়ে আছড়ে পড়ে। এতে তার শরীরে আগুন ধরে যায়। জাহাঙ্গীর গোল্ডেন
ং সেন্টারের রাফিন ফ্যাশন সেন্টারের মালিক। তিনি ইসলামপুর থেকে তার দোকানের জন্য কাপড় কিনে
নজি অটোরিকশা থেকে নেমে ছাত্রদের সড়ক অবরোধ দেখছিলেন। গুরুতর অবস্থায় জাহাঙ্গীরকে ঢাকা মেডি
জ হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।
জাহাঙ্গীর আলমের মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে এলিফেন্ট রোড, নিউমার্কেট, মিরপুর রোড ও চন্দ্রিমা সু
র্কেটের ব্যবসায়ীদের মাঝে তীব্র অসন্তোষ ছড়িয়ে পড়ে। তাৎক্ষণিকভাবে ব্যবসায়ীরা ঘটনার জন্য দায়ী ব্যক্তি
র দাবিতে দোকানপাট বন্ধ করে রাস্তায় নেমে পড়েন। তারা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন। বিকাল
ব্যবসায়ীরা রাস্তা অবরোধ করে রাখেন। পরে একটি বৈঠকে পুলিশের রমনা বিভাগের উপ-কমিশনার আতি
াম দোষিদের খুঁজে বের করার আশ্বাস দিলে ব্যবসায়ীরা অবরোধ তুলে নেন।
ছাত্রদল কর্মীদের বিক্ষোভের ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের আশপাশের সড়কগুলোতে কিছু স
টের সৃষ্টি হয়। ঘটনার পর ক্যাম্পাসের প্রবেশ পথগুলোতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা। ক্যাম্পাসে
চলাচল বন্ধ হয়ে যায়। ছাত্রদল নেতৃবৃন্দ খালেদা জিয়া ও তারেক রহমানের মুক্তির দাবিতে আগামী ৩০আ
দেশের শিক্ষা প্রতিষ্ঠানে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করবে। এই দিন মিছিল নিয়ে পিজি অভিমুখে যাত্রা ক
ক রহমানকে মুক্ত করে আনারও ঘোষণা দিয়েছে তারা।
ঘটনা প্রসঙ্গে শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রেজাউর রহমান বলেন, ছাত্ররা মিছিল নিয়ে শাহবাগের দি
পুলিশ শান্তিপূর্ণভাবে বাধা দেয়। কিন্তু হঠাৎ ছাত্ররা ক্ষুব্ধ হয়ে পুলিশের উপর ইটপাটকেল নিক্ষেপ করে। এদি
ঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, তারেক রহমানের আহত হওয়ার খবর ক্যাম্পাসে পৌঁছ
ঙ্গীরনগর শাখা ছাত্রদল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। বিকাল পাঁচটার দিকে ছাত্রদলের নেতা-কর্মী
ভ মিছিল নিয়ে ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করে। সেখানে তারা সমাবেশ করে।

### ঢাবি ক্যাম্পাস শান্ত

গতকাল রাত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় ও এর আশপাশের এলাকা অনেকটা শান্ত হয়ে আসে। ক্যাম্পা
পথগুলো থেকে পুলিশ কমানো হয়েছে। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নেতৃবৃন্দ রাতে খালেদা জিয়ার
ক রহমানের মুক্তির দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। সমাবেশে ছাত্রনেতা সাইফুল ইসল
জ বলেন, তারেক রহমানকে পরিকল্পিতভাবে হত্যার চেষ্টা করা হয়েছিল। তিনি তারেক রহমানের মুক্তি না হও
আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন।

### বগুড়ায় ছাত্রদল কর্মীদের সড়ক অবরোধ

বগুড়া অফিস জানায়, বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব তারেক রহমান পড়ে গিয়ে আহত হয়েছেন এই খ
বগুড়া আযিযুল হক কলেজের বিক্ষুব্ধ ছাত্রদল কর্মীরা গতকাল সোমবার শহরের তিনমাথা সড়কে বেরিকেড দি
ড মিছিল, যানবাহন ভাংচুর ও অবরোধ করেছে। এ সময় রেল লাইনও অবরোধ করে রাখা হয়। সান্তাহার থে
পাড়াগামী লোকাল ট্রেনটি প্রায় ১ ঘন্টা আটকা পড়ে। ঘটনার সময় উচ্ছৃংখল ছাত্রদের থামাতে পুলিশ কে
তা দেখায়নি। ঘটনাস্থল থেকে অনেক দূরে তারা নীরব দর্শক হয়ে দাঁড়িয়েছিল। এদিকে উত্তরবঙ্গ মহাসড়কে
র মহাস্থানের হাতিবান্ধা নামক স্থানে স্থানীয় ছাত্রদলের নেতাকর্মীরা সড়ক ও জনপথ বিভাগের একটি গাড়ি
য়েকটি যাত্রীবাহী কোচ ভাংচুর করে। এ কারণে উত্তরবঙ্গ মহাসড়কে প্রায় আধা ঘন্টা যানবাহন চলাচল ব
। পরে পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

### দুই থানায় দুই মামলা

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষ ও গাড়ি পোড়ানোর ঘটনায় সোমবার রাতেই শাহবাগ ও নিউমার্কেট থানায় পৃথক দুই
হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে জ্বালিয়ে দেয়া ট্যাক্সি ক্যাবের চালক গোপাল কুমার দাস বাদী হয়ে শাহবাগ থান
৩৫/৪২৭ ধারায় একটি মামলা করেন। মামলায় অজ্ঞাত পরিচয় দুইশ' থেকে তিনশ' জনকে আসামী করা হয়েছে।
অপরদিকে, ঢাকা কলেজের সামনে জ্বলন্ত মাইক্রোবাসের গ্যাস সিলিন্ডার বিস্ফোরিত হয়ে নিহত এক ব্যবসা
র হোসেনের ভাই পরিচয়ে আলমগীর হোসেন বাদী হয়ে নিউমার্কেট থানায় ৩০২/৩০৪ ধারায় অপর মামলা
। এতে আসামী করা হয়েছে অজ্ঞাত ৩০-৪০ জনকে।